গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়

৪র্থ জাতীয় উন্নয়ন মেলা
৪-৬ অক্টোবর, ২০১৮




SEIP
Skills for Employment Investment Program

**স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৬, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.seip-fd.gov.bd

## ক. SEIP প্রকল্পের পরিচিতি

১. **পটভূমি:** বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ শ্রমিক যোগানের লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা, ২০১১ -এর আলোকে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় Skills for Employment Investment Program (SEIP) প্রকল্প বাস্তবায়ন করছে।

এ প্রকল্পের অন্যতম বৈশিষ্ট্য হলো বেসরকারি খাতের শিল্প সংগঠনের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং শিল্প কারখানার সহায়তায় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন এবং প্রশিক্ষিত কর্মীদের কর্মসংস্থানের ব্যবস্থাকরন। প্রকল্পের আওতায় ২০২০ সালের মধ্যে ৫ লক্ষাধিক লোককে শিল্পের চাহিদা অনুযায়ী বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

### ২. প্রকল্পের কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণঃ

- বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ জনবল তৈরির জন্য ইন্ডাস্ট্রি এসোসিয়েশন এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের মধ্যে নেটওয়ার্ক তৈরি করা;
- প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রশিক্ষক, এসেসর এবং ব্যবস্থাপকদের জন্য ToT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- জাতীয় মানব সম্পদ উন্নয়ন তহবিল (NHRDF) এবং ন্যাশন্যাল স্কিলস ডেভলপমেন্ট অথরিটি (NSDA) প্রতিষ্ঠা এবং কার্যকর করতে সহায়তা প্রদান করা;
- দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের গুণগত মান উন্নয়নে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা;
- দক্ষতা উন্নয়ন কার্যক্রমে সমাজের অনগ্রসর ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করতে কৌশল প্রণয়ন, বাস্তবায়ন এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করা।

### ৩. অগ্রাধিকার খাত

SEIP প্রকল্পের আওতায় নয়টি অগ্রাধিকার খাতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এগুলো হলঃ (১) তৈরী পোষাক ও বস্ত্র (২) তথ্য প্রযুক্তি (৩) নির্মাণ শিল্প (৪) লাইট ইঞ্জিনিয়ারিং (৫) চামড়াজাত পণ্য ও পাদুকা (৬) জাহাজ নির্মাণ (৭) এ্যাগ্রোফুড প্রক্রিয়াকরণ (৮) পর্যটন ও হসপিটালিটি এবং (৯) পরিবহন।

### ৪. SEIP-এর পার্টনার প্রশিক্ষণ প্রতিষ্ঠান

দেশের বেসরকারি খাতের ১২টি শীর্ষ পর্যায়ের শিল্প সংগঠন (Industry Association), শিক্ষা, শিল্প, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন মোট ৫৭৩টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে (চিত্র ১)।

**চিত্র -১: SEIP -এর পার্টনার প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও কেন্দ্র**




## খ. দক্ষতা উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি

১. SEIP প্রকল্পের পার্টনার প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে প্রশিক্ষণের জন্য তালিকাভুক্তকরণ, প্রশিক্ষণ প্রদান এবং কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়। সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত প্রশিক্ষণ ও কর্মসংস্থানের অগ্রগতির চিত্র নিম্নরূপঃ

**সারণি ১: প্রশিক্ষণে অন্তর্ভুক্তি, প্রশিক্ষণ এবং চাকুরিপ্রদান**

| | মোট (জন) | নারী (জন) |
|---|---|---|
| **প্রশিক্ষণে অন্তর্ভুক্তি** (Enrollment) | ২,৪৯,৯৩৮ | ৭৯,৯৫৫ |
| সনদায়ন (Certification) | ২,১৪,৩১৯ | ৭১,৫১৬ |
| কর্মসংস্থান **(Job Placement)** | ১,৫৩,১৭০ | ৫১,৭৯১ |

২. প্রশিক্ষণের গুণগতমান নিশ্চিত করণ এবং আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষকদের জন্য দেশে এবং বিদেশে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। এ পর্যন্ত ১১২ জন নারীসহ মোট ১,০৭৮ জন প্রশিক্ষককে দেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, সিংগাপুরের Nanyang Polytechnic International (NYPi) এবং ITE Education Services (ITEES) এ ৩১ জন নারীসহ ২৮০ জন প্রশিক্ষককে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩. SEIP প্রকল্পের প্রত্যক্ষ সহায়তায় জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (National Human Resource Development Fund- NHRDF) গঠিত হয়েছে। সমন্বিত উপায়ে বাজারের চাহিদার ভিত্তিতে কর্মমুখি প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে সহায়তা প্রদান করা এ তহবিলের

অন্যতম উদ্দেশ্য। সরকার এ তহবিলে এ পর্যন্ত ২০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করেছে।

৪. দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সরকারের বিভিন্ন কার্যক্রমকে আরো সমন্বিত আকারে পরিচালনার জন্য এ প্রকল্পের সহায়তায় সরকার জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) গঠন করেছে। এ সংক্রান্ত একটি বিল এরই মধ্যে জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছে।

৫. প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের সকল তথ্য ও উপাত্ত সংরক্ষণ করা র লক্ষ্যে Trainee Management System (TMS) নামে একটি স্বতন্ত্র real time online database তৈরি করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের নির্ভুল তথ্য সংরক্ষণ এবং দ্বৈততা এড়ানোর উদ্দেশ্যে নির্বাচন কমিশনের NID database-এর সংগে TMS সংযুক্ত করা হয়েছে। এর মাধ্যমে নিবন্ধনের সময় প্রশিক্ষণার্থীদে র গুরুত্বপূর্ণ তথ্য NID database থেকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে যাচাই করা হয়।

৬. অধিকতর মানোন্নয়নসহ প্রশিক্ষণকে প্রাসংগিক ও শিল্পের চাহিদাভিত্তিক করা SEIP প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। এজন্য দেশীয় ও আন্তর্জাতিক পরামর্শক এবং সংশ্লিষ্ট Industry Expert-দের সমন্বয়ে প্রশিক্ষণ উপকরণ প্রস্তুত করা হয়। এ প্রক্রিয়ায় এ পর্যন্ত ৭৭টি Competency Standard ও Assessment Tools এবং ৩০টি Competency Based Learning Materials (CBLM) প্রণয়ন করা হয়েছে।



নির্মাণ শিল্পের প্রশিক্ষণের চিত্র

৭. Bangladesh Institute of Governance and Management (BIGM)-এর মাধ্যমে Policy Analysis বিষয়ে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। এর আওতায় ২০২০ সালের মধ্যে সরকারের সিনিয়র সহকারী সচিব ও উপ-সচিব এবং বেসরকারি প্রতিষ্ঠানের Mid-Level Manager পর্যায়ভুক্ত ৩৭৫ জনকে ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রদান করা হবে। ইতোমধ্যে ৮৫ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।

**গ. SEIP প্রকল্পের উদ্ভাবনিমূলক কার্যক্রম**

১. দেশের উৎপাদন খাতে মধ্য পর্যায়ে প্রায় দুই লক্ষ দক্ষ বিদেশি কর্মী কাজ করে এবং তাদের বেতন-ভাতা বাবদ প্রতি বছর বড় অংকের বৈদেশিক মুদ্রা ব্যয় হয়। বিদেশি কর্মীদের উপর নির্ভরশীলতা হ্রাস এবং আন্তর্জাতিক মানের ব্যবস্থাপক তৈরির লক্ষ্যে RMG, Textile, Knitwear এবং Leather & Footwear খাতে Executive Development Program গ্রহণ করা হয়েছে। এজন্য ২টি বেসরকারিসহ মোট চারটি বিশ্ববিদ্যালয়ে চারটি Executive Development Center (EDC) স্থাপন করা হয়েছে।



সুইং মেশিন অপারেশন কোর্সের প্রশিক্ষণের চিত্র

২. বিশ্বের সর্ববৃহৎ international accredited ship registrar and classification society, DNV-GL -এর সহযোগিতায় জাহাজ শিল্পে ওয়েল্ডিং বিষয়ে প্রশিক্ষিত প্রশিক্ষণার্থীদের মূল্যায়নপূর্বক সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। DNV-GL এর সনদ প্রাপ্তির ফলে SEIP প্রকল্পের প্রশিক্ষণার্থীদের দেশে ও বিদেশে উচ্চ বেতনে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে।

৩. SEIP প্রকল্পের আওতায় সনদপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের বিশ্ব শ্রমবাজারে সহজে প্রবেশের জন্য আন্তর্জাতিক মানের সনদের ব্যবস্থা করা হয়েছে। এলক্ষ্যে SEIP প্রকল্পের সাথে যুক্তরাজ্যভিত্তিক City and Guilds-এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এর আওতায় BMET-এর অধিনস্থ ৬টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ ও মূল্যায়ন শেষে প্রায় ২,৭০০ জনকে আন্তর্জাতিক মানের সনদ প্রদান করা হবে। এর ফলে দেশ-বিদেশে উচ্চ বেতনে কর্মসংস্থানের অধিকতর সুযোগ সৃষ্টি হবে।

৪. নিরাপদ সড়ক এবং দেশ-বিদেশে দক্ষ চালকের চাহিদার কথা বিবেচনা করে Transport Sector-কে SEIP প্রকল্পের প্রশিক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (BMET) আওতাধীন বিভিন্ন টেকনিক্যাল ট্রেনিং সেন্টার ও বিআরটিসি 'র বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে ইতোমধ্যে ড্রাইভিং প্রশিক্ষণ শুরু হয়েছে। এ কার্যক্রমের আওতায় চার মাসব্যাপী প্রশিক্ষণ শেষে সফল প্রশিক্ষণার্থীদের ড্রাইভিং লাইসেন্স প্রদান করা হচ্ছে। কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন টেকনিক্যাল স্কুল ও কলেজেও এ প্রশিক্ষণ শীঘ্রই শুরু হবে। এ তিনটি প্রতিষ্ঠানের মাধ্যমে ডিসেম্বর, ২০২০ এর মধ্যে প্রায় ৪৬,০০০ দক্ষ গাড়িচালক গড়ে তোলা হবে। পাশাপাশি, মানসম্পন্ন অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানেও এ প্রশিক্ষণ চালু করা হবে।




মোটর ড্রাইভিং কোর্সের প্রশিক্ষণের চিত্র

৫. BMET -এর আওতাধীন তিনটি TTC -কে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে ০৬ নভেম্বর ২০১৭ তারিখে KOICA, BMET এবং SEIP মধ্যে ত্রিপক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই সমঝোতা চুক্তির আওতায় ঢাকাস্থ বাংলাদেশ জার্মান টেকনিক্যাল ট্রেনিং সেন্টার এবং খুলনা ও সিলেটে অবস্থিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহকে বিশ্বমানের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে উন্নীত করার কার্যক্রম আরম্ভ হয়েছে।



***Skilled Workforce for Accelerated Growth***